# India-EU: Joint Press Release on Launching the Trade and Technology Council

April 25, 2022

---

# ভারত-ই ইউঃ ট্রেড অ্যান্ড টেকনোলজি কাউন্সিল চালু হবার উপরে যৌথ প্রেস বিবৃতি

এপ্রিল 25, 2022

ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট শ্রীমতী উর্সুলা ভন ডের লেয়েন 25শে এপ্রিল 2022 তারিখে নিউ দিল্লিতে তাদের বৈঠকের পরে ভারত-ইই ইউ ট্রেড অ্যান্ড টেকনোলজি কাউন্সিল চালু করার বিষয়ে সম্মত হয়েছেন। এই কৌশলগত সমন্বয় প্রক্রিয়া উভয় অংশীদারকে বাণিজ্য, বিশ্বস্ত প্রযুক্তি এবং নিরাপত্তার সংযোগে চ্যালেঞ্জ মোকাবিলা করার অনুমোদন দেবে এবং এইভাবে ইইউ এবং ভারতের মধ্যে এই ক্ষেত্রগুলিতে সহযোগিতা আরও গভীর করবে।

উভয় পক্ষ এই বিষয়ে সম্মত হয়েছে যে ভূরাজনৈতিক পরিবেশের দ্রুত পট পরিবর্তনগুলি যৌথ গভীর কৌশলগত সম্পৃক্ততার প্রয়োজনীয়তাকে তুলে ধরে। ট্রেড অ্যান্ড টেকনোলজি কাউন্সিল রাজনৈতিক সিদ্ধান্ত কার্যকর করতে, প্রযুক্তিগত কাজ সমন্বয় করতে এবং ভারতীয় ও ইউরোপীয় অর্থনীতির টেকসই অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বাস্তবায়ন এবং ফলোআপ নিশ্চিত করতে রাজনৈতিক স্তরে রিপোর্ট করার জন্য রাজনৈতিক পরিচালনা এবং প্রয়োজনীয় কাঠামো প্রদান করবে।

এমনকি উভয় পক্ষ কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 60 তম বার্ষিকী উদযাপন করেও, উভয় পক্ষই আত্মবিশ্বাসী যে ভারত এবং ইইউ-এর বন্টিত মূল্যবোধ এবং অভিন্ন স্বার্থগুলি পারস্পরিক উপকারী এবং কৌশলগত সহযোগিতাকে আরও গভীর করার জন্য একটি শক্তিশালী ভিত্তি প্রদান করে। ভারত এবং ই ইউ কয়েক দশক ধরে ঘনিষ্ঠ অংশীদারিত্বের বন্ধনে আবদ্ধ হয়ে আছে এবং বর্তমান চ্যালেঞ্জের মোকিবিলায় এবং ভূরাজনৈতিক পরিস্থিতির মোকাবিলায় যৌথ প্রচেষ্টাকে বৃদ্ধি করতে দৃঢ়প্রতিজ্ঞ।কোন অংশীদারের সাথে একটি ট্রেড অ্যান্ড টেকনোলোজি কাউন্সিল গঠন করার সিদ্ধান্ত ভারতের ক্ষেত্রে প্রথম এবং ইইউ-র ক্ষেত্রে দ্বিতীয় । ইইউ-র প্রথম অংশীদার হল মার্কিন যুক্তরাষ্ট্র। ভারত-ই ইউ ট্রেড অ্যান্ড টেকনোলোজি কাউন্সিল গঠন হল ভারত এবং ই ইউর সকল জনগণ লাভবান হবার জন্য কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার লক্ষ্যে একটি মুখ্য পদক্ষেপ।

**নিউ দিল্লি**
**এপ্রিল,25,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.